গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৫ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.১৮.০৫০(এ).২১- ৯০০

তারিখঃ ২৩ জ্যৈষ্ঠ ১৪৩০ / ০৬ জুন ২০২৩

প্রেরক : তানজিলা খানম
উপসচিব।

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

বিষয় : মুন্সিগঞ্জ জেলার লৌহজং উপজেলাধীন সরকারিকরণকৃত লৌহজং বিশ্ববিদ্যালয় কলেজ-এর জন্য বিভিন্ন ক্যাটাগরির ৩২ (বত্রিশ) টি পদ সৃজন।

মহোদয়,

আদিষ্ট হয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩ মে ২০০৩ তারিখের মপবি/ক:বি:শা:/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশের পরিপ্রেক্ষিতে মুন্সিগঞ্জ জেলার লৌহজং উপজেলাধীন সরকারিকরণকৃত লৌহজং বিশ্ববিদ্যালয় কলেজ-এর জন্য শিক্ষক-কর্মচারীর নিম্নবর্ণিত ৩২ (বত্রিশ) টি পদ বর্ণিত শর্তে রাজস্বখাতে অস্থায়ীভাবে ০৮ আগস্ট ২০১৮ তারিখ হতে ৩১ মে ২০১৯ তারিখ পর্যন্ত সৃজনে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি :

| ক্রমিক | পদের নাম, বিষয় ও সংখ্যা | অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল' ১৫ অনুযায়ী) | শর্ত/ভিত্তি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১) | অধ্যক্ষ (নন-ক্যাডার), প্রশাসনিক ০১ (এক) টি | ৳ ৫০০০০-৭১২০০ (গ্রেড-৪) | নন-ক্যাডার (সাধারণ শিক্ষা) নিয়োগবিধির অবর্তমানে বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগ বিধি, ১৯৮১ (সাধারণ শিক্ষা) (সংশোধনীসহ)-এর তফসিলের 6(a) নং ক্রমিকে উল্লিখিত শর্তের ন্যায় নিয়োগ যোগ্যতা অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ২) | উপাধ্যক্ষ (নন-ক্যাডার) প্রশাসনিক ০১ (এক) টি | ৳ ৪৩০০০-৬৯৮৫০ (গ্রেড-৫) | নন-ক্যাডার (সাধারণ শিক্ষা) নিয়োগবিধির অবর্তমানে বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগ বিধি, ১৯৮১ (সাধারণ শিক্ষা) (সংশোধনীসহ)-এর তফসিলের 7(a) নং ক্রমিকে উল্লিখিত শর্তের ন্যায় নিয়োগ যোগ্যতা অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ৩) | সহকারী অধ্যাপক (নন-ক্যাডার)<br>রসায়ন-০১ টি<br>অর্থনীতি-০১টি<br>উপমোট পদ=০২ (দুই) টি | ৳ ৩৫৫০০-৬৭০১০ (গ্রেড-৬) | নন-ক্যাডার (সাধারণ শিক্ষা) নিয়োগবিধির অবর্তমানে বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগ বিধি, ১৯৮১ (সাধারণ শিক্ষা) (সংশোধনীসহ)-এর তফসিলের ৮ নং ক্রমিকে উল্লিখিত শর্তের ন্যায় নিয়োগ যোগ্যতা অনুযায়ী পদ পূরণযোগ্য। |

চলমান পাতা-০২

T Khanam

| ক্রমিক | পদের নাম, বিষয় ও সংখ্যা | অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল' ১৫ অনুযায়ী) | শর্ত/ভিত্তি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৪) | প্রভাষক (নন-ক্যাডার) :<br>রাষ্ট্রবিজ্ঞান-০২ টি<br>বাংলা-০২ টি<br>ইংরেজি-০৪ টি<br>গণিত-০১টি<br>উদ্ভিদ বিদ্যা-০১টি<br>পদার্থবিদ্যা-০১টি<br>হিসাববিজ্ঞান-০৩টি<br>ব্যবস্থাপনা-০২টি<br>ইতিহাস-০২টি<br>কৃষি শিক্ষা ০১টি<br>অর্থনীতি-০১টি<br>উপমোট পদ-২০ (বিশ) টি | ৳ ২২০০০-৫৩০৬০<br>(গ্রেড-৯) | নন-ক্যাডার (সাধারণ শিক্ষা) নিয়োগবিধির অবর্তমানে বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৪ এর তফসিলের ১৩ ক্রমিকে উল্লেখিত শর্তের ন্যায় নিয়োগ যোগ্যতা অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ৫) | প্রদর্শক<br>উদ্ভিদ বিদ্যা-০১টি<br>রসায়ন-০১টি<br>মোট =০২(দুই) টি | ৳ ১৬০০০-৩৮৬৪০<br>(গ্রেড-১০) | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা-২০২১ এর তফসিল-১ এর ১৯(ক) নং ক্রমিকে উল্লিখিত শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ৬) | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর<br>০২ (দুই) টি | ৳ ৯৩০০-২২৪৯০<br>(গ্রেড-১৬) | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসিলের ক্রমিক-৫ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ৭) | অফিস সহকারী কাম হিসাব সহকারী<br>০১ (এক) টি | ৳ ৯৩০০-২২৪৯০<br>(গ্রেড-১৬) | **সরাসরি নিয়োগের মাধ্যমে পদটি পূরণযোগ্য। পদোন্নতির মাধ্যমে পদটি পূরণযোগ্য নয়। সরাসরি নিয়োগের ক্ষেত্রে নিয়োগ যোগ্যতা:** মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা-২০২১ এর তফসিল-১ এর ৩৯ (গ) নং ক্রমিকে উল্লিখিত শর্ত অনুযায়ী সরাসরি নিয়োগের মাধ্যমে পদ পূরণযোগ্য। |
| ৮) | অফিস সহায়ক<br>০১ (এক) টি | ৳ ৮২৫০-২০০১০<br>(গ্রেড-২০) | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্মচারী নিয়োগ বিধিমালা-২০২১ এর তফসিল-১ এর ৬০ নং ক্রমিকে উল্লিখিত শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ৯) | পরিচ্ছন্নতা কর্মী ০২ টি | ৳ ৮২৫০-২০০১০<br>(গ্রেড-২০) | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্মচারী নিয়োগ বিধিমালা-২০২১ এর তফসিল-১ এর ৬৫ নং ক্রমিকে উল্লিখিত শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| **বেতন গ্রেড নির্ধারণকৃত সর্বমোট পদ= ৩২ (বত্রিশ)টি** | | | |

চলমান পাতা-০৩

শর্তাবলী :

১) এ শিক্ষা প্রতিষ্ঠানের কোনো আত্তীকৃত শিক্ষককে অন্য কোনো শিক্ষা প্রতিষ্ঠানে বদলি করা যাবে না;

২) অফিসের বিদ্যমান টিওএন্ডই'তে নতুন সৃজিত পদগুলি স্থায়ী/অস্থায়ী হিসেবে অন্তুর্ভক্ত করে টিওএন্ডই হালনাগাদ করতে হবে;

৩) অফিসের বিদ্যমান টিওএন্ডই'তে নতুন সৃজিত পদগুলি স্থায়ী/অস্থায়ী হিসেবে অন্তুর্ভক্ত করে টিওএন্ডই হালনাগাদ করতে হবে;

৪) অফিস সহকারী কাম হিসাব সহকারী পদের নিয়োগের যোগ্যতা যথাশীঘ্রই বিদ্যমান/চূড়ান্ত নিয়োগ বিধিমালায় অন্তর্ভুক্ত করতে হবে এবং এর কোন ব্যত্যয় হবে না;

৫) 'আউটসোর্সিং' প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮' তে উল্লিখিত সেবা তালিকার অন্তর্ভুক্ত পরিচ্ছন্নতা কর্মী পদে বর্তমানে কর্মরত কর্মচারীর পদত্যাগ/অবসর/বরখাস্ত/ মৃত্যুজনিত কারণে পদ শূন্য হলে পদ শূন্য হওয়ার তারিখ থেকে উক্ত পদ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে। উক্ত সেবা অত্যাবশ্যক হলে আউটসোসিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুসারে ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৬) প্রাপ্যতার অধিক পদে শিক্ষক/কর্মচারীর ক্ষেত্রে পদত্যাগ/অবসর/বরখাস্ত/মৃত্যুজনিত কারণে পদ শূন্য হলে শূন্য হওয়ার তারিখ থেকে উক্ত পদ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে। প্রশাসনিক মন্ত্রণালয় এ সংক্রান্ত আদেশ জারি করবে এবং পদ বিলুপ্তকরণের আদেশের অনুলিপি জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;

৭) শিক্ষক ও অশিক্ষক কর্মচারীগণকে আত্তীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় যাবতীয় তথ্যাদি/ কাগজপত্রের সত্যতা ও গ্রহণযোগ্যতা সম্পর্কে নিশ্চিত হয়ে প্রশাসনিক মন্ত্রণালয় পরবর্তী কার্যক্রম গ্রহণ করবে।

৩। উল্লিখিত পদের ব্যয় ভার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সংশ্লিষ্ট অর্থ বছরের নির্ধারিত খাত হতে বহন করা হবে।

৪। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯ ডিসেম্বর ২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৫৫.১৫.০৮৭.২১-৫৯২, অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের ২৮ আগস্ট ২০২২ তারিখের ০৭.০০.০০০০.১৫৩.৩০৬.২২-৭৩০, অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ০৫ সেপ্টেম্বর ২০২২ তারিখের ০৭.০০.০০০০.১৬২.৩৭.০৩০.২২-৫৮৫ এবং মন্ত্রিপরিষদ বিভাগের ২৬ এপ্রিল ২০২৩ তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০১৬.২৩.৫১ নং পত্রের সম্মতির পরিপ্রেক্ষিতে এ আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত,

৬/৬/২০২৩

(তানজিলা খানম)
উপসচিব
ফোন : ৫৫১০০৪৩২
ই-মেইল : college.sec5@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.১৫.০৫০(এ).২১- ৭৩৮

তারিখঃ ২৩ জ্যৈষ্ঠ ১৪৩০ / ০৬ জুন ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (৩ কপিসহ) অর্থ বিভাগে প্রেরণ করা হলো। অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের ২৮ আগস্ট ২০২২ তারিখের ০৭.০০.০০০০.১৫৩.৩০৬.২২-৭৩০ সংখ্যক পত্রের মাধ্যমে পদসমূহ সৃজনের বিষয়ে সম্মতি জ্ঞাপন করেছে। এ সৃজনাদেশ পৃষ্ঠাঙ্কন করে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা-এর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

৬/৬/২০২৩

(তানজিলা খানম)
উপসচিব

চলমান পাতা-০৪

নম্বর- ০৭.০০.০০০০.১৪৩.১৫.৬০৬.২২.৪৭৭ তারিখ: ২৪/০৫/২০২৩

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা- এর নিকট প্রেরণ করা হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

২৪/০৫/২৩

সৈয়দ আশরাফুজ্জামান
সিনিয়র সহকারী সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ব্যয় ব্যবস্থাপনা অধিশাখা-৩
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.১৫.০৫০(এ).২১- ৭১৩ তারিখঃ ২৩ জ্যৈষ্ঠ ১৪৩০ / ০৬ জুন ২০২৩

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

০১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব, সওব্য, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।
০৩) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৫) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষামন্ত্রণালয়, ঢাকা।
০৬) উপসচিব (সরকারি কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৭) উপসচিব (সরকারি কলেজ-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৮) উপসচিব (বাজেট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০) সচিব মহোদয়-এঁর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১১) অধ্যক্ষ, লৌহজং বিশ্ববিদ্যালয় কলেজ, লৌহজং, মুন্সিগঞ্জ।
১২) অতিরিক্ত সচিব (কলেজ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৩) অফিস কপি।

T. Khanam
৬/৬/২০২৩
(তানজিলা খানম)
উপসচিব